৬৯

ভোরের কাগজ

তারিখ ... FEB. 2 1999 ...
পৃষ্ঠা ১২ কলাম ২

# লটারি অনুষ্ঠিত, বইমেলায় অংশ নিচ্ছে ২০০ প্রকাশনা প্রতিষ্ঠান

**কাগজ প্রতিবেদক :** বাংলা একাডেমীর একুশে বইমেলায় এবার ২০০টি প্রকাশনা প্রতিষ্ঠান অংশগ্রহণ করছে। প্রকাশ্যে লটারির মাধ্যমে গতকাল এই প্রতিষ্ঠানগুলোর মধ্যে স্টল বরাদ্দ দেওয়া হয়।

এবারের বইমেলায় মোট স্টলের জন্য ৩১৩টি ইউনিট রয়েছে। এরমধ্যে তিন ইউনিটের স্টল পেয়েছে ১০টি প্রতিষ্ঠান। ৯১টি প্রতিষ্ঠান পেয়েছে দুই ইউনিটের স্টল, বাকি ৯৯টি পেয়েছে এক ইউনিটের স্টল। মেলায় বাংলা একাডেমীর নিজস্ব প্যাভিলয়ন এবং লিটল ম্যাগাজিনের জন্য আলাদা একটি কর্নার থাকবে।

মেলার খবরাদি ইন্টারনেটের মাধ্যমে বিশ্বব্যাপী ছড়িয়ে দেওয়ার সকল প্রস্তুতি সম্পন্ন হয়েছে। করোনা ইনফরমেশন টেকনোলজি লিমিটেড ইন্টারনেটের ওয়েবসাইটটি পরিচালনা করবে। প্রতিষ্ঠানটির নির্বাহী পরিচালক মোঃ শামিমুজ্জামান জানান, ইন্টারনেটে বাংলা ভাষায় বইমেলা সম্পর্কিত সমস্ত তথ্য প্রচার করা হবে। ইতিমধ্যে একটি ওয়েবসাইট খোলা হয়েছে, যা কর্তৃপক্ষের অনুমোদনের অপেক্ষায় রয়েছে। ইন্টারনেটে তথ্যাদি প্রচারের পাশাপাশি এবার মেলা প্রাঙ্গণে প্রথমবারের মতো বড়ো স্ক্রিনের মাধ্যমে মেলার খুঁটিনাটি প্রচার করা হবে। একাডেমির বটতলায় ভিডিও প্রজেকশনের সাহায্যে স্ক্রিন পরিচালনার দায়িত্ব পেয়েছে কম্পিউটার ইনফরমেশন এন্ড টেকনোলজি ফর নেক্সট জেনারেশন (সিআইটিএন)।

বইমেলা সাফল্যজনকভাবে পরিচালনার জন্য গতকাল বাংলা একাডেমী কর্তৃপক্ষের সঙ্গে ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন ছাত্র সংগঠনগুলোর এক বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে ছাত্রলীগ, ছাত্রদল, ছাত্র ইউনিয়নসহ সবগুলো ছাত্র সংগঠন অংশগ্রহণ করে। ছাত্র সংগঠনগুলো মেলা পরিচালনায় সর্বাত্মক সহযোগিতার আশ্বাস দিয়েছে।

বাংলা একাডেমীর একটি সূত্র জানায়, ৫ ফেব্রুয়ারি বইমেলার উদ্বোধনী অনুষ্ঠানে সরাসরি সম্প্রচারের জন্য একাডেমির আবেদনের পরিপ্রেক্ষিতে বিটিভির পক্ষ থেকে গতকাল পর্যন্ত কোনো সাড়া পাওয়া যায়নি। কলকাতা বইমেলা উদ্বোধন অনুষ্ঠান বিটিভি সরাসরি সম্প্রচার করলেও একুশে বইমেলার ব্যাপারে তাদের এই নীরবতা বাংলা একাডেমী কর্তৃপক্ষ ও প্রকাশকদের মধ্যে ক্ষোভের সৃষ্টি করেছে।